গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

| | | |
|---|---|---|
| বিষয় | : | নভেম্বর ২০২০ মাসে অনুষ্ঠিত জেলা রাজস্ব সম্মেলনের কার্যবিবরণী। |
| সভাপতি | : | জনাব মোহাম্মদ রেজাউল করিম<br>জেলা প্রশাসক<br>কুড়িগ্রাম। |
| স্থান | : | সম্মেলনকক্ষ,জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম। |
| সভার তারিখ | : | ২২ নভেম্বর, ২০২০। সময়: বেলা ১২.০০ টা। |
| বিবেচ্য মাস | : | অক্টোবর,২০২০ |

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা : পরিশিষ্ট ‘‘ক’’ দ্রষ্টব্য।

সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অত:পর অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রামকে সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়। সভাপতির অনুমতিক্রমে রেভিনিউ ডেপুটি কালেক্টর,কুড়িগ্রাম গত ২৫/১০/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে প্রদর্শন করেন এবং অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সিদ্ধান্তসমূহ ধারাবাহিকভাবে পাঠ করেন। উপস্থাপিত অক্টোবর ২০২০ এর কার্যবিবরণীর উপর কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ গত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে এবং কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব নেই মর্মে অবহিত করেন। কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনান্তে এজেন্ডাভিত্তিক আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

১। রাজস্ব সংস্থাপন সংক্রান্ত:

রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম সভাপতির অনুমতিক্রমে এ জেলায় রাজস্ব প্রশাসনের বিভিন্ন স্তরে কর্মরত জনবল ও জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহের শূন্যপদ সংক্রান্ত তথ্য সভায় ছক আকারে উপস্থাপন করেন:

| অফিসের নাম | পদের নাম/শ্রেণি | মঞ্জুরীকৃত পদ | কর্মরত পদের সংখ্যা | শূন্য পদের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা | সহকারী প্রকৌশলী (১ম শ্রেণি) | ১ | - | ১ | |
| | উপ-সহকারী প্রকৌশলী | ১ | ১ | - | |
| | কানুনগো (২য় শ্রেণি) | ১ | - | ১ | |
| | ৩য় শ্রেণি | ১৬ | ০৯ | ৭ | ট্রেসার, অফিস সহকারী ও সার্ভেয়ার পদ শূন্য। |
| | ৪র্থ শ্রেণি | ১১ | ১০ | ১ | |
| জেলা প্রশাসকের কার্যালয়ের এল, এ শাখা | অতিরিক্ত ভূমি অধিগ্রহণ কর্মকর্তা (১ম শ্রেণী) | ১ | ১ | - | |
| | কানুনগো (২য় শ্রেণি) | ২ | ১ | ১ | |
| | ৩য় শ্রেণি | ৮ | ৫ | ৩ | অফিস সহকারী ও সার্ভেয়ার এর পদ শূন্য। |
| | ৪র্থ শ্রেণি | ১২ | ৫ | ৭ | |
| উপজেলা ভূমি অফিস (৯)টি | সহকারী কমিশনার (ভূমি) | ৯ | ৫ | ৪ | নাগেশ্বরী,ফুলবাড়ী,চিলমারী ও চর রাজিবপুর উপজেলায় পদ শূন্য |
| ,, | কানুনগো | ৯ | ২ | ৭ | |
| | সার্ভেয়ার | ৯ | ৬ | ৩ | |
| উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিস | ৩য় শ্রেণি | ২৭৬ | ১৪৫ | ১৩১ | ইউ: ভূমি সহ: কর্মকর্তা/ ইউ: ভূমি উপ: সহ: কর্মকর্তা/অফিস সহকারী/সমপর্যায়ের পদ শূন্য |
| | ৪র্থ শ্রেণি | ২০২ | ১৬১ | ৪১ | প্রসেস সার্ভার,অফিস সহায়ক ও চেইনম্যন পদ শূন্য |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম জানান ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা /ইউনিয়ন ভূমি উপ সহকারী কর্মকর্তা শূন্য পদে নিয়োগ/পদোন্নতি প্রদানের জটিলতা থাকায় জনবলের স্বল্পতার অভাবে অফিসের কার্যক্রমে নানাভাবে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। ভূমি মন্ত্রণালয়ের ০৮/০৭/২০১৯ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০৭৯.১২.৪৬২ নম্বর স্মারক মোতাবেক রাজস্ব প্রশাসনের ৩য় শ্রেণীর ১২ (বার) টি পদের, ২৯/০১/২০২০ তারিখের ৩১.০০.০০০০ .০৪৬. ১১.০৭৯.১২.৮০ নম্বর পত্র মোতাবেক ১৯ (উনিশ) টি পদের এবং ২৩ ফেব্রুয়ারি ২০২০ তারিখের ৩১.০০. ০০০০. ০৪৬. ১১. ০৭৯.১২.১৪৯ নং স্মারকে অফিস সহায়কের ১৯ (উনিশ) টি শূন্যপদ পূরণের মঞ্জুরীপত্র পাওয়া গেছে। অফিস সহায়কের ১৯ (উনিশ) টি শূন্যদের বিপরীতে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই পর্যায়ে রয়েছে।৩য় শ্রেণীর সর্বমোট ৩১ (একত্রিশ)টি পদের জন্য এ কার্যালয়ের ০১ মার্চ ২০২০ তারিখের ৩১.৪৭.৪৯০০.০০৬.০১.১২৯.১৯-১৮৫ নম্বর পত্র মোতাবেক নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। ৩১ মার্চ ২০২০ পর্যন্ত আবেদন দাখিলের সময়সীমা নির্ধারিত ছিল। প্রাপ্ত আবেদনসমূহ যাচাই/বাছাই পর্যায়ে রয়েছে। | সরকারের রাজস্ব আদায়ের স্বার্থে এবং রাজস্ব প্রশাসনের গতি ত্বরান্বিত করার লক্ষ্যে করোনা সংক্রমণজনিত পরিস্থিতির স্বাভাবিক /উন্নতি সাপেক্ষে সরকারি নির্দেশনার আলোকে রাজস্ব প্রশাসনের শূন্যপদসমূহ পূরণের লক্ষ্যে দ্রুত নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে। ভবিষ্যতে কর্মচারীগণের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়াবলী অগ্রাধিকারভিত্তিতে দ্রুত নিষ্পত্তি করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম। |

২। শৃঙ্খলা ও বিভাগীয় মামলা সংক্রান্ত:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সভায় জানান, বর্তমানে রাজস্ব প্রশাসনে শৃঙ্খলা বিধির অধীনে ১/২০১৬, ০১/২০১৭, ০২/২০১৭, ০২/২০১৮.০৩/১৮,০৪/১৮, ০৫/২০১৮,০১/২০১৯,০২/২০১৯ এবং ০৩/২০১৯ নম্বর মোট ১০ (দশ) টি বিভাগীয় মামলা চলমান রয়েছে। বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট বিধিমালা যথাযথ অনুসরণ করে বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে নির্দেশনা প্রদান করা হয়। | ১। সংশ্লিষ্ট আইন/বিধি যথাযথ অনুসরণ করে চলমান বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম/ রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম ও সংশ্লিষ্ট বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা। |

শৃঙ্খলা ও বিভাগীয় মামলা সংক্রান্ত বিবরণী: অক্টোবর ২০২০

| ক্রঃ নং | নাম ও পদবি | কর্মরত অফিসের নাম | মামলা নং ও দায়েরের তারিখ | তদন্তকারী কর্মকর্তা নিয়োগের স্মারক ও তারিখ | তদন্তকারী কর্মকর্তার নাম ও পদবি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | মোঃ খালেকুজ্জামান ইউঃ ভূমি উপ-সহঃ কর্মঃ | ইউনিয়ন ভূমি অফিস, মোহনগঞ্জ, চর রাজিপুর, কুড়িগ্রাম | ০১/২০১৬ ২০/০৬/১৬ | স্মারক নং-১২১২ তারিখ: ২৮/০৯/১৭ | জনাব সাধন কুমার বিশ্বাস সহকারী কমিশনার কুড়িগ্রাম কালেক্টরেট | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে এবং নথিতে পেশ করা হয়েছে। |
| ২ | মোঃ আব্দুর রহমান ইউঃ ভূমি উপ-সহঃ কর্মঃ | ইউনিয়ন ভূমি অফিস, কোদালকাটি, চর রাজিবপুর, কুড়িগ্রাম | ০২/২০১৭ ২০/০৯/১৭ | স্মারক নং- ৯১৪(৪) তারিখ: ১৬/০৮/১৮ | জনাব সালমা আক্তার সহকারী কমিশনার কুড়িগ্রাম কালেক্টরেট | পুন: তদন্তকারী কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়েছে। |
| ৩ | মোঃ গোলাম মর্তুজা আল ফারুক ইউঃ ভূমি সহঃ কর্মঃ | ইউনিয়ন ভূমি অফিস, যাদুরচর, রৌমারী, কুড়িগ্রাম | ০১/২০১৭ ২০/০৯/১৭ | স্মারক নং- ১৭০(৫) তারিখঃ ০১/০২/১৮ | জনাব রিন্টু বিকাশ চাকমা সহকারী কমিশনার কুড়িগ্রাম কালেক্টরেট | চূড়ান্ত আদেশের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। |
| ৪ | মোঃ আলমগীর হোসেন ইউঃ ভূমি উপ-সহঃ কর্মঃ | ইউনিয়ন ভূমি অফিস বিদ্যানন্দ, রাজারহাট, কুড়িগ্রাম | ০২/২০১৮ ০৫/০৪/১৮ | - | জনাব মো: আবুবকর সিদ্দিক সহকারী কমিশনার কুড়িগ্রাম কালেক্টরেট | চূড়ান্ত আদেশ প্রদান করা হয়েছে। |
| ৫ | মো: আমির হোসেন ইউঃ ভূমি সহঃ কর্মঃ | ইউনিয়ন ভূমি অফিস পাথরডুবী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম | ০৫/২০১৮ ১৩/১২/১৮ | স্মারক নং ৩৬১(৫) তারিখ:১৯/০৬/২০ | জনাব অভিজিত চৌধুরী সহকারী কমিশনার কুড়িগ্রাম কালেক্টরেট | ২য় কারণ দর্শানোর জবাব পাওয়া গেছে। |
| ৬ | মোঃ খালেকুজ্জামান ইউঃ ভূমি উপ-সহঃ কর্মঃ | ইউনিয়ন ভূমি অফিস, মোহনগঞ্জ, চর রাজিপুর, কুড়িগ্রাম | ০৪/১৮ ০৫/১২/১৮ | - | - | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে। নথিতে উপস্থাপন করা হয়েছে। |
| ৭ | মোঃ হাবিবুর রহমান ইউঃ ভূমি সহঃ কর্মঃ | ইউনিয়ন ভূমি অফিস, চিলমারী সদর, চিলমারী, কুড়িগ্রাম | ০৩/১৮ ১৯/১১/১৮ | - | - | তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়েছে |
| ৮ | মোঃ নুরুল আমিন ইউঃ ভূমি সহঃ কর্মঃ | ইউনিয়ন ভূমি অফিস, নারয়নপুর, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১/১৯ ২২/০৮/১৯ | - | - | চূড়ান্ত আদেশের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। |
| ৯ | মো: আব্দুল গণি সরদার ইউ: ভূমি সহ: কর্মকর্তা | ইউ: ভূমি অফিস, তিলাই, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম | ০৩/১৯ ২৩/১২/১৯ | - | - | চূড়ান্ত আদেশ প্রদান করা হয়েছে। |
| ১০ | মোঃ হারুন অর রশীদ ইউ: ভূমি উপ-সহ: কর্মকর্তা | ইউ: ভূমি অফিস, যাত্রাপুর, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম | ০২/১৯ ১৭/০৯/১৯ | নং-৩৩১(৫) ০৩/০৬/২০২০ | জনাব তানজিলা তাসনিম সহকারী কমিশনার কুড়িগ্রাম কালেক্টরেট | তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত প্রতিবেদন পাওয়া যায়নি। |

**৩। উপজেলা/ ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন সংক্রান্ত:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম সভায় পরিদর্শন সংক্রান্ত তথ্য উপস্থাপন করেন। করোনা সংক্রমণজনিত পরিস্থিতি'র প্রেক্ষাপটে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক বার্ষিক কর্মপরিকল্পনার আলোকে প্রমাপ অনুযায়ী পরিদর্শনে সতর্ক থাকতে নির্দেশনা প্রদান করা হয়। পরিদর্শন বিষয়টি বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্ভুক্ত। উপজেলা নির্বাহী অফিসার (সকল) /সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে তাঁর নিজ কার্যালয়সহ অধীনস্থ ইউনিয়ন ভূমি অফিসসমূহ নির্ধারিত প্রমাপ অনুযায়ী দর্শন/ পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন ৭ (সাত) কার্যদিবসের মধ্যে ই-মেইলে এবং হার্ডকপি এ অফিসে প্রেরণ নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। পরিদর্শনকারী কর্মকর্তাকে পূর্বের পরিদর্শনকারী কর্মকর্তার নির্দেশনা প্রতিপালন হয়েছে কিনা তা যাচাই করে দেখার জন্য অনুরোধ করা হয়। পরিদর্শনের সময় অফিসে পরিস্কার পরিচ্ছন্নতার প্রতি দৃষ্টি রাখা, ভূমি অফিসে আগত সেবা প্রার্থীদের শুনানী গ্রহণ করার জন্যও পরামর্শ দেয়া হয়। | ১। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে নিয়মিত উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিসসমূহ দর্শন/পরিদর্শন কার্যক্রম আরো নিবিড়ভাবে সম্পন্ন করে প্রতিমাসে প্রমাপ অর্জনের জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে সতর্ক থাকতে হবে।<br>২। ভূমি সংস্কার বোর্ডের ফরমেট মোতাবেক বার্ষিক কর্মপরিকল্পনার আলোকে প্রমাপ অনুযায়ী নিজ কার্যালয়সহ অধীনস্থ ইউনিয়ন ভূমি অফিসসমূহ দর্শন/ পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ই-মেইলে, ফ্যাক্স-এ এবং হার্ড কপি এ অফিসে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>৩। পরিদর্শনকারী কর্মকর্তাকে পূর্বের পরিদর্শনকারী কর্মকর্তার নির্দেশনা প্রতিপালন হয়েছে কিনা তা যাচাই করে দেখতে হবে।<br>৪। পরিদর্শনের সময় অফিসে পরিস্কার পরিচ্ছন্নতার প্রতি বিশেষ দৃষ্টি রাখতে হবে এবং ভূমি অফিসে আগত সেবা প্রার্থীদের শুনানী গ্রহণ করতে হবে। | (১-৪)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম /সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম /সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, কুড়িগ্রাম। |

## ৪। ভূমি অফিসসমূহের কর্মতৎপরতা (উপজেলা রাজস্ব সভা) সংক্রান্ত: অক্টোবর,২০২০

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা পর্যায়ে রাজস্ব সভা সংক্রান্ত আলোচনায় অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম অক্টোবর ২০২০ মাসে উপজেলা রাজস্ব সভার পরিসংখ্যান সভায় উপস্থাপন করেন। শুধুমাত্র ফুলবাড়ী ও রাজারহাট হতে নভেম্বর,২০২০ মাসের উপজেলা রাজস্ব সভার কার্যবিবরণী পাওয়া গেছে।কুড়িগ্রাম সদর, নাগেশ্বরী,ভূরুঙ্গামারী,রৌমারী ও চর রাজিবপুর উপজেলা হতে নভেম্বর ২০২০ মাসের রাজস্ব সভার কার্যবিবরণী এ কার্যালয়ে পাওয়া যায়নি। কুড়িগ্রাম সদর, নাগেশ্বরী,ভূরুঙ্গামারী,রৌমারী ও চর রাজিবপুর উপজেলা হতে রাজস্ব সভার কার্যবিবরণী এ কার্যালয়ে না পাওয়ায় অসন্তোষ প্রকাশ করা হয়। করোনা সংক্রমণজনিত পরিস্থিতি বিবেচনায় স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/০৮/২০১৬ তারিখের ০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮. ২০১৫.৭৩২ নম্বর পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রতিমাসে উপজেলা রাজস্ব সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করে সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে পরবর্তী মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রামকে নির্দেশ প্রদান করা হয়। উপজেলা রাজস্ব সভায় জেলা রাজস্ব সভার গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির বিষয়ে আলোচনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে পরামর্শ প্রদান করা হয়। | ১। করোনা সংক্রমণজনিত উদ্ভুত পরিস্থিতিতে স্বাস্থ্য বিধি মেনে মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/০৮/২০১৬ তারিখের ০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮, ২০১.৭৩২ নম্বর পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রতিমাসের চতুর্থ সোমবার উপজেলা রাজস্ব সভা অনুষ্ঠানের ধারাবাহিকতা অব্যাহত রাখা এবং সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>২। উপজেলা রাজস্ব সভায় জেলা রাজস্ব সভার গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির বিষয়ে আলোচনা করতে হবে।<br>৩। উপজেলা রাজস্ব সভা ফলপ্রসু ও কার্যকরভাবে করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম /সহকারী কমিশনার (ভূমি) (সকল) , কুড়িগ্রাম।<br><br>(২-৩)। উপজেলা নির্বাহী অফিসার (সকল)/সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

**উপজেলা রাজস্ব সভা সংক্রান্ত বিবরণী: অক্টোবর ২০২০**

| ক্র: নং | উপজেলা | উপজেলা রাজস্ব সম্মেলনের তারিখ | সভার কার্যবিবরণীর স্মারক ও তারিখ | সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রাপ্তির তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | কুড়িগ্রাম সদর | - | - | - | সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। |
| ২ | নাগেশ্বরী | - | - | - | সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। |
| ৩ | ভূরুঙ্গামারী | - | - | - | সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। |
| ৪ | ফুলবাড়ী | ২৯/১০/২০২০ | ৩১.০২.৪৯১৮.০০০.০১.০৫০.২০.২৮২(১৩), তারিখ: ০৮/১১/২০২০ | ১২/১১/২০২০ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৫ | রাজারহাট | ২৭/১০/২০২০ | ৩১.০২.৪৯৭৭.০০০.০৩.০০৪.২০.৩২১(২০) তারিখ: ২৭/১০/২০২০ | ১১/১১/২০২০ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৬ | উলিপুর | - | - | - | সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। |
| ৭ | চিলমারী | - | - | - | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৮ | রৌমারী | - | - | - | সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। |
| ৯ | চর রাজিবপুর | - | - | - | সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। |

**৫। উপজেলা/ ইউনিয়ন ভূমি অফিস ভবন নির্মাণ/মেরামত সংক্রান্ত: অক্টোবর ২০২০**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ভূমি মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ সংক্রান্ত আলোচনায় ২০২০-২০২১ অর্থবছরে এ জেলাধীন মেরামত /সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস/ইউনিয়ন ভূমি অফিস ও পৌর ভূমি অফিসের মেরামত/সংস্কার এর নিমিত্ত বরাদ্দ চেয়ে সচিব,ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা বরাবর পত্র প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।<br>হস্তান্তরের অপেক্ষায় থাকা ভবনসমূহের হস্তান্তর কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | ১। মেরামত/সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস/ইউনিয়ন ভূমি অফিস ও পৌর ভূমি অফিসের মেরামত/সংস্কার এর নিমিত্ত বরাদ্দ চেয়ে সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা বরাবর পত্র প্রেরণ করতে হবে।<br>২। হস্তান্তরের অপেক্ষায় থাকা ভবনসমূহের হস্তান্তর কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | (১-২। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম/উপ-সহকারী প্রকৌশলী, কুড়িগ্রাম কালেক্টরেট, কুড়িগ্রাম। |

**৬। নামজারী মোকদ্দমা সংক্রান্ত: অক্টোবর,২০২০**

## আলোচনা

**নামজারী ও জমাভাগ মোকদ্দমার বিবরণী (১ম ভাগ)**

| উপজেলা | বিগত মাস পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অনিষ্পন্ন কেসের সংখ্যা | চলতি মাসে দায়েরকৃত কেসের সংখ্যা | মোট নামজারী/ জমাভাগ কেসের সংখ্যা | চলতি মাসে নিষ্পত্তিকৃত কেসের সংখ্যা | অনিষ্পন্ন কেসের সংখ্যা ২৮ দিনের নিম্নে |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| কুড়িগ্রাম সদর | ৬৮০ | ২৬১ | ৯৪১ | ৪৩৮ | ৫০৩ |
| নাগেশ্বরী | ১৪৬ | ১৭৭ | ৩২৩ | ১০৯ | ২১৪ |
| ভূরুঙ্গামারী | ১৫২ | ১৩০ | ২৮২ | ১২০ | ১৬২ |
| ফুলবাড়ী | ১১৯ | ৭১ | ১৯০ | ৭০ | ১২০ |
| রাজারহাট | ১৯০ | ১৮৫ | ৩৭৫ | ১৭৬ | ১৯৯ |
| উলিপুর | ৪৪০ | ৪১০ | ৮৫০ | ৩২০ | ৫৩০ |
| চিলমারী | ৫০ | ৯০ | ১৪০ | ৮০ | ৬০ |
| রৌমারী | ২৮৮ | ১১০ | ৩৯৮ | ১৭৫ | ২২৩ |
| চর রাজিবপুর | ১২৪ | ৩৫ | ১৫৯ | ৪০ | ১১৯ |
| সর্বমোট= | ২১৮৯ | ১৪৬৯ | ৩৬৫৮ | ১৫২৮ | ২১৩০ |

**নামজারী ও জমাভাগ মোকদ্দমার বিবরণী (২য় ভাগ)**

| উপজেলা | চলতি মাসে দায়েরকৃত কেসের সংখ্যা | মোট নামজারী /জমাভাগ কেসের সংখ্যা | চলতি মাসে নিষ্পত্তিকৃত কেসের সংখ্যা | | | অনিষ্পন্ন কেসের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | নোটিশ প্রদানের মাধ্যমে অনুমোদন করা হয়েছে | নোটিশ প্রদানের মাধ্যমে নামঞ্জুর/ নথিজাত করা হয়েছে | মোট নিষ্পত্তি কৃত মামলার সংখ্যা | ২৮ দিনের নিম্নে |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| কুড়িগ্রাম সদর | ১০ | ১২০ | - | ০০ | ০০ | ১২০ |
| নাগেশ্বরী | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| ভূরুঙ্গামারী | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| ফুলবাড়ী | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| রাজারহাট | ০০ | ০৭ | - | ০৭ | ০৭ | ০০ |
| উলিপুর | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| চিলমারী | ০০ | ৯০ | - | ০০ | ০০ | ৯০ |
| রৌমারী | ০০ | ২৫ | - | ০০ | ০০ | ২৫ |
| চর রাজিবপুর | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| সর্বমোট= | ০০ | ২৪২ | - | ০৭ | ০৭ | ২৩৫ |

সভায় নামজারী বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। নামজারীর ক্ষেত্রে জনসাধারণ যাতে কোনরূপ হয়রানির শিকার না হয় সেদিকে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার পরামর্শ প্রদান করা হয়। নামজারি কেস পেন্ডিং না রেখে সরকারের সর্বশেষ জারীকৃত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী নিষ্পত্তি করার জন্য সহকারী কমিশনার (ভূমি) গণকে নির্দেশনা এবং সে মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হচ্ছে কি না সে বিষয়টি উপজেলা নির্বাহী অফিসারগণকে তদারকি করার জন্য অনুরোধ করা হলো। কোন অবস্থাতেই ইউনিয়ন ভূমি অফিসে কোন আবেদন গ্রহণ করা যাবে না। নামজারীর অনুমোদিত খতিয়ান সংশ্লিষ্ট ব্যক্তি, ইউনিয়ন ভূমি অফিস ও জেলা রেকর্ডরুমে প্রেরণ করতে হবে। এল.টি নোটিশ অস্পষ্ট/গরমিল থাকার বিষয়ে সাব রেজিস্ট্রারের সাথে সমন্বয়পূর্বক কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ এবং এল.টি নোটিশের ভিত্তিতে নামজারী মোকদ্দমা রুজু করে তা নিষ্পত্তি করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

## সিদ্ধান্ত

১। করোনা ভাইরাস সংক্রমণজনিত উদ্ভুত পরিস্থিতিতে স্বাস্থ্য বিধি মেনে নামজারি মামলার শুনানী সম্পন্ন ও নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে।

২। সরকারি স্বার্থ সংশ্লিষ্টতা যাচাই করত: নির্ধারিত সময়ের মধ্যে ক্রম অনুযায়ী নামজারি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৩।নামজারি অনুমোদনকৃত কিন্তু ফি আদায়ের জন্য পেন্ডিং মামলার ক্ষেত্রে সংশ্লিষ্ট আবেদনকারীর সাথে যোগাযোগ করে অর্থ আদায় ও আর্কাইভের মাধ্যমে মামলা দ্রুত নিস্পত্তি নিশ্চিত করতে হবে।

৪। বিলম্ব রোধে নামজারি মামলার শুনানির দিন অনুমোদন যোগ্য আবেদনের ফি আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫। অনুমোদিত খতিয়ান সংশ্লিষ্ট ব্যক্তি, ইউনিয়ন ভূমি অফিস ও জেলা রেকর্ডরুমে প্রেরণ করতে হবে।

৬। নামজারি ১ম খন্ডের মামলার তথ্যের সাথে ই-নামজারি মামলার তথ্যে ভিন্নতা থাকায় তা পরীক্ষান্তে সঠিক তথ্য প্রেরণ করতে হবে।

৭। নামজারি প্রাপ্তিতে জনগণের হয়রানিবিহীন সেবা নিশ্চিত করতে হবে।

৮। এল.টি নোটিশ অস্পষ্ট/গরমিল থাকার বিষয়ে সংশ্লিষ্ট সাব রেজিস্ট্রারের সাথে সমন্বয়পূর্বক কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

## বাস্তবায়ন

(১-২)। উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি)(সকল) কুড়িগ্রাম

(৩-৫)। সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রাম।

(৬-৮)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রাম

**৭ (ক)। ২০২০-২১ অর্থ বছরের ভূমি উন্নয়ন করের আদায় (সাধারণ ): অক্টোবর ২০২০**

**আলোচনা**

সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম এর নিকট হতে প্রাপ্ত প্রতিবেদনে চলতি ২০২০-২০২১ অর্থবছরে এ জেলার ভূমি উন্নয়ন করের সাধারণ দাবি ও আদায় বিবরণী নিম্নরুপ:

| উপজেলা | মাস | দাবী | চলতি মাসের আদায় | পুঞ্জিভূত আদায় | আদায়ের হার |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| কুড়িগ্রাম সদর | অক্টোবর/২০ | ৬৯০৯৮৪৪ | ৩০৯৪২০ | ১১৯৪৩৪৫ | ১৭.২৮% |
| | অক্টোবর/১৯ | ৬৫৯৪৬৬১ | ৩১৮৫৫৫ | ৯৪৩৭৬০ | ১৪.৩১% |
| নাগেশ্বরী | অক্টোবর/২০ | ৪০৬০৯৬১ | ৫৫৫৫৪৭ | ১৩১৬১১৭ | ৩২.৪০% |
| | অক্টোবর/১৯ | ৩৭৬৫০৩৫ | ২১৫২৭৭ | ৬৬৩৪১২ | ১৭.৬২% |
| ভূরুঙ্গামারী | অক্টোবর/২০ | ৩২০৪৪৪৩ | ৪০৩২৪৪ | ১১৭০১০৬ | ৩৬.৫১% |
| | অক্টোবর/১৯ | ৩১৬৬৫২৮ | ৩৭৫০৪৪ | ৯৪৭২৬৩ | ২৯.৯১% |
| ফুলবাড়ী | অক্টোবর/২০ | ২৫৬৯৯৫৮ | ২৪৭১৩২ | ১০৬৩৫০২ | ৪১.৩৮% |
| | অক্টোবর/১৯ | ২১২৪৪৩৪ | ১৯৭৯০৮ | ৫৮২৫১৩ | ২৭.৪২% |
| রাজারহাট | অক্টোবর/২০ | ৩০১০৪১৭ | ৩৪৯৬৩০ | ১৩৭২৮৭৭ | ৪৫.৬০% |
| | অক্টোবর/১৯ | ২৯৭৯৯২৬ | ২৯৭৭৬৫ | ৯৫১৮৬৪ | ৩১.৯৪% |
| উলিপুর | অক্টোবর/২০ | ৫২২০৪৩৩ | ৫৫০৫৩৯ | ২১৬৮৯৪১ | ৪১.৫৪% |
| | অক্টোবর/১৯ | ৪৮৯৭৩০০ | ৬৩৭৯২৩ | ১৬৭৮৩৪৯ | ৩৪.২৭% |
| চিলমারী | অক্টোবর/২০ | ১৪৫০৩৩০ | ১৭০৪৩১ | ৫৮১৮০৩ | ৪০.১১% |
| | অক্টোবর/১৯ | ১৫৪৩৫৭৫ | ১৪২৮৫৩ | ৪২৮৮৩৯ | ২৭.৭৮% |
| রৌমারী | অক্টোবর/২০ | ৬৪০৬৩৩৯ | ১১৭২৪২৪ | ২১০২৬৩২ | ৩২.৮২% |
| | অক্টোবর/১৯ | ৪১২০৭২০ | ৪১৯৭৬৪ | ১২৭৫৪৬৬ | ৩০.৯৫% |
| চর রাজিবপুর | অক্টোবর/২০ | ১৫৩৪১৬৬ | ২৩৬২৮৭ | ৮৩৩৫১০ | ৫৪.৩২% |
| | অক্টোবর/১৯ | ১৫০২০৭৮ | ৬১০২৭ | ২৬৭৭২৩ | ১৭.৮৩% |
| সর্বমোট | অক্টোবর/২০ | ৩৪৩৬৬৮৯১ | ৩৯৯৪৬৫৪ | ১১৮০৩৮৩৩ | ৩৪.৩৪% |
| | অক্টোবর/১৯ | ৩০৬৯৪২৫৭ | ২৬৬৬১১৬ | ৭৭৩৯১৮৯ | ২৫.২১% |

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সভায় অবহিত করেন যে, চলতি অর্থ বছরে ভূমি উন্নয়ন করের দাবির বিপরীতে জুলাই/২০২০ মাস হতে অক্টোবর/২০২০ মাস পর্যন্ত সাধারণের পুঞ্জিভূত আদায় =১,১,৮০৩,৮৩৩/- টাকা। আদায়ের হার ৩৪.৩৪%।অক্টোবর/২০২০ মাস পর্যন্ত ভূমি উন্নয়ন কর আদায়ের নির্ধারিত লক্ষ্যমাত্রা ৪০% শুধুমাত্র ফুলবাড়ী, রাজারহাট,উলিপুর,চিলমারী ও চর রাজিবপুর উপজেলা অর্জন করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হলো। ২০২০-২১ অর্থবছরের ভূমি উন্নয়ন করের দাবি মোতাবেক ১৩ এপ্রিল ২০২১ মাসের মধ্যে ১০০% আদায়ে তৎপর হতে উপজেলা নির্বাহী অফিসার (সকল)/সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে পরামর্শ প্রদান করা হয়।

**সিদ্ধান্ত**

১। চলতি ২০২০-২১ অর্থ বছরের নির্ধারণকৃত সাধারণের ভূমি উন্নয়ন করের দাবির বিপরীতে নভেম্বর/২০২০ মাসের মধ্যে ভূমি উন্নয়ন কর আদায়ের বার্ষিক লক্ষ্যমাত্রার ৫০% অর্জন করতে হবে এবং ১৩ এপ্রিল ২০২১ মাসের মধ্যে ১০০% আদায় নিশ্চিতকল্পে মাসভিত্তিক কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে।

২। ২০১৯-২০২০ অর্থবছরের আদায়কৃত টাকার হিসাব বিবরণী /চালান শতভাগ অনলাইনে যাচাইপূর্বক রেজিস্টারে লিপিবদ্ধ করত: জরুরীভিত্তিতে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

**বাস্তবায়ন**

১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম /রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।

২। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।

**৭ (খ)। ২০২০-২১ অর্থ বছরের ভূমি উন্নয়ন করের আদায় (সংস্থা): অক্টোবর ২০২০**

**আলোচনা**

চলতি ২০২০-২০২১ অর্থবছরে এ জেলার ভূমি উন্নয়ন করের সংস্থার দাবি ও আদায় বিবরণী নিম্নরুপ:

| উপজেলা | মাসের নাম | দাবি | চলতি মাসে আদায় | পুঞ্জিভূত আদায় | আদায়ের হার |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| কুড়িগ্রাম সদর | অক্টোবর/২০ | ৩৭৮৭৩৮৯ | ০০ | ০০ | ০০.০০% |
| | অক্টোবর/১৯ | ৩৫৬১৯০৫ | ৮৯১২ | ৮৯১২ | ০০.২৫% |
| নাগেশ্বরী | অক্টোবর/২০ | ৩৬৫৫১০১ | ১২৯০ | ৫৯২৬৬ | ০১.৬২% |
| | অক্টোবর/১৯ | ৬০১৩৫৬ | ০০ | ০০ | ০০.০০% |
| ভূরুঙ্গামারী | অক্টোবর/২০ | ৪৬৩৬৭৯ | ০০ | ৬৭৯৯৩ | ১৪.৬৬% |
| | অক্টোবর/১৯ | ৬০৭৫২২ | ০০ | ০০ | ০০.০০% |
| ফুলবাড়ী | অক্টোবর/২০ | ২৯১০৭১ | ৩৮৯৪ | ১০৭৩৭০ | ৩৬.৮৮% |
| | অক্টোবর/১৯ | ২০৯৪৯৩ | ০০ | ০০ | ০০.০০% |
| রাজারহাট | অক্টোবর/২০ | ৩৩৫৩১৬ | ০০ | ০০ | ০০.০০% |
| | অক্টোবর/১৯ | ৩৪২৬৭২ | ০০ | ০০ | ০০.০০% |
| উলিপুর | অক্টোবর/২০ | ৬৯৫৪৬৩০ | ০০ | ৩৮৩৫০ | ০০.৫৫% |
| | অক্টোবর/১৯ | ৭০৮৭১৪৬ | ০০ | ০০ | ০০.০০% |
| চিলমারী | অক্টোবর/২০ | ৬১৩৬২৯ | ০০ | ০০ | ০০.০০% |
| | অক্টোবর/১৯ | ৩১৫১৪২ | ০০ | ২৩৫৯৬ | ০৭.৪৮% |
| রৌমারী | অক্টোবর/২০ | ২৫৭৯৪১ | ০০ | ০০ | ০০.০০% |
| | অক্টোবর/১৯ | ২৪২৫০৫ | ০০ | ০০ | ০০.০০% |
| চর রাজিবপুর | অক্টোবর/২০ | ৩৩৮৬৪৩ | ০০ | ০০ | ০০.০০% |
| | অক্টোবর/১৯ | ৩৬৭৯০৫ | ০০ | ০০ | ০০.০০% |
| সর্বমোট= | অক্টোবর/২০ | ১৬৬৯৭৩৯৯ | ৫১৮৪ | ২৭২৯৭৯ | ০১.৬৩% |
| | অক্টোবর/১৯ | ১৩৩৩৫৬৪৬ | ৮৯১২ | ৩২৫০৮ | ০০.২৪% |

প্রাপ্ত প্রতিবেদনে দেখা যায়, চলতি অর্থ বছরে অক্টোবর/২০২০ মাস পর্যন্ত আদায় হয়েছে ২,৭২,৯৭৯/-টাকা। আদায়ের হার ০১.৬৩%। সংস্থার দাবি আদায়ের জোর প্রচেষ্টা চালানোর নির্দেশনা প্রদান করা হয়। ২০১৯-২০ অর্থবছরে আদায়কৃত যাবতীয় টাকা সরকারি কোষাগারে জমা প্রদানের প্রত্যয়নসহ ব্যাংক ও জেলা/উপজেলা হিসাব রক্ষণ অফিসের সাথে প্রতিপাদন করে/অনলাইনে যাচাই করে ব্যাংক স্টেটমেন্ট/অনলাইন যাচাই প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করার জন্য সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে পুনরায় নির্দেশনা প্রদান করা হয়।

**সিদ্ধান্ত**

১। সংস্থার ভূমি উন্নয়ন কর বাবদ অনাদায়ী টাকা আদায়ের লক্ষ্যে বিভিন্ন কৌশল অবলম্বনসহ জোর প্রচেষ্টা চালাতে হবে।

২। মন্ত্রণালয়ভিত্তিক উপজেলা পর্যায়ে বিভিন্ন সংস্থা প্রধানদের দাবির পরিমাণ উল্লেখপূর্বক পত্র প্রেরণ করে অনুলিপি এ অফিসে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৩। ২০১৯-২০২০ অর্থবছরে আদায়কৃত যাবতীয় টাকা সরকারি কোষাগারে জমা প্রদানের প্রত্যয়নসহ ব্যাংক ও জেলা/ উপজেলা হিসাব রক্ষণ অফিসের সাথে প্রতিপাদন করে /অনলাইনে যাচাই করে ব্যাংক স্টেটমেন্ট /অনলাইন যাচাই প্রতিবেদন প্রেরণ করতে হবে।

**বাস্তবায়ন**

১। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।

২। উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রাম।

**৮। অর্পিত সম্পত্তির দাবি ও আদায় সংক্রান্ত: অক্টোবর ২০২০**

| আলোচনা | সিদ্ধান্ত | **বাস্তবায়ন** |
|---|---|---|
| রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম জানান ২০২০-২০২১ অর্থবছরের কুড়িগ্রাম জেলায় লিজকৃত অর্পিত সম্পত্তির দাবির পরিমাণ =১৭,৭৬,৭২৩/-(সতের লক্ষ ছিয়াত্তর হাজার সাতশত তেইশ) টাকা মাত্র। অক্টোবর ২০২০ মাসে শুধুমাত্র রাজারহাট ও চিলমারী উপজেলায় মোট =৯,১১০/-টাকা লিজমানি আদায় হয়েছে। অর্থবছরের শুরু থেকে লিজমানি আদায় অব্যাহত রাখার কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি)(সকল),কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হয়। লিজগ্রহীতাদের ছবিসহ তালিকা/ ডাটাবেইস এবং তফসিলভূক্ত সম্পত্তির স্কেচ ম্যাপ প্রস্তুতসহ অর্পিত সম্পত্তি লিজ নবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট লিজিগণকে নোটিশ প্রদান ও ৩ (তিন) বছরের উর্ধ্বে নবায়নের ক্ষেত্রে সরেজমিন তদন্ত করার পরামর্শ দেয়া হলো। দীর্ঘদিন যাবৎ যে সকল লিজগ্রহিতা লীজমানি প্রদান করছেন না, সে সকল লীজগ্রহিতাকে নোটিশ প্রদানপূর্বক প্রয়োজনে বিধি মোতাবেক লিজ বাতিল করত: নতুনভাবে লিজ প্রদান করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। লিজ বহির্ভূত কোন অর্পিত সম্পত্তি থাকলে তার তালিকা প্রণয়ন করতে এবং উক্ত সম্পত্তিতে কোন অবৈধ দখলদার থাকলে উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করার জন্যও উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) গণকে সভায় অনুরাধ করা হয়। জেলা ও উপজেলা হতে লিজমানি আদায় করতে নির্দেশনা প্রদান করা হয়। কোন কর্মচারী/কর্মকর্তার দায়িত্ব অবহেলার কারণে বকেয়া অর্থ আদায় না হলে বা দাবি তামাদি হলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়ালের ২৮০ নং অনুচ্ছেদ মতে ১০,০০০/-টাকা বা তদূর্দ্ধ নিলাম ডাক প্রাপ্ত অর্পিত পুকুরের ইজারা কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করত: অনুমোদনের জন্য প্রেরণ করতে উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হয়। | ১। অর্থবছরের শুরু থেকে লিজমানি আদায় অব্যাহত রাখার কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। লিজকৃত অর্পিত সম্পত্তির জন্য পৃথক পৃথক তালিকা স্কেচ ম্যাপসহ প্রণয়ন করতে হবে এবং উক্ত তালিকায় লিজিদের ছবিসহ তালিকা /ডাটাবেইস ও হালনাগাদ তথ্য থাকতে হবে। ভি,পি রেজিস্টার হালনাগাদ করতে হবে এবং আদায়ের হার সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।<br>৩। লিজ নবায়নের ক্ষত্রে সংশ্লিষ্ট লীজিগণকে নোটিশ প্রদান ও ৩ (তিন) বছরের উর্ধ্বে নবায়নের ক্ষেত্রে সরেজমিন তদন্ত করতে হবে।<br>৪। দীর্ঘদিন যাবৎ যে সকল লিজগ্রহিতা লিজমানি প্রদান করছেন না, সে সকল লিজগ্রহিতাকে নিয়মিতভাবে নোটিশ প্রদানপূর্বক প্রয়োজনে বিধি মোতাবেক লিজ বাতিল করত: নতুনভাবে লীজ প্রদান করতে হবে।<br>৫। ভিপি সম্পত্তির অবৈধ দখলকারীর তালিকা প্রেরণ করতে হবে এবং অবৈধ দখলদার উচ্ছেদের এবং যারা লীজ নিয়েছেন তারা ভোগদখল করছেন কিনা সে বিষয়ে তথ্য এ অফিসে প্রেরণ করতে হবে।<br>৬। জেলা ও উপজেলা হতে লিজমানি আদায় করতে হবে। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়ালের ২৮০ নং অনুচ্ছেদ মতে ১০,০০০/-টাকা বা তদূর্ধ্ব নিলাম ডাক প্রাপ্ত অর্পিত পুকুর থাকলে তা বিভাগীয় কমিশনার মহোদয়ের অনুমোদনের জন্য এ কার্যালয়ে কেস নথিসহ প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>৭। অর্পিত পুকুরের ডাটাবেস প্রণয়নের কার্যক্রম দুত সম্পন্ন করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।<br>(২-৭)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

**অর্পিত সম্পত্তির দাবি ও আদায় বিবরণী: অক্টোবর ২০২০**

| ক্র: নং | উপজেলার নাম | তালিকাভুক্ত অর্পিত সম্পত্তির মোট পরিমাণ (একরে) | লিজকৃত অর্পিত সম্পত্তির মোট পরিমাণ (একরে) | দাবি (২০২০-২১) | অক্টোবর ২০২০ মাসে আদায় | পুঞ্জিভূত আদায় | আদায়ের হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | কুড়িগ্রাম সদর | ৮৯৩.৫৩৭৪ | ২২.৪৬ | ২৬৯৭৮৪ | ০০ | ০০ | ০০.০০% | |
| ২ | নাগেশ্বরী | ৪৯০.৮৬৫ | ২৬.৮০৫ | ৬১২৩০ | ০০ | ২৩১২০ | ৩৭.৭৬% | |
| ৩ | ভূরুঙ্গামারী | ২০৯.৯৭ | ১২.২৬ | ৬১৫৪৫ | ০০ | ০০ | ০০.০০% | |
| ৪ | ফুলবাড়ী | ৩১৮.৩১ | ১৩.২৮ | ৮৩৩৪১ | ০০ | ০০ | ০০.০০% | |
| ৫ | রাজারহাট | ৮২.৭৮৭৫ | ০৭.৬৭ | ২০০০৫ | ৯৬৬০ | ১২৪৫০ | ৬২.২৩% | |
| ৬ | উলিপুর | ১২৯.৮৫০১ | ২৪.৭৪ | ৫১২৫৫৮ | ০০ | ২১৮০০ | ০৪.২৫% | |
| ৭ | চিলমারী | ৭.৬৬ | ০৬.৭৮ | ৩০০৬০ | ২৫২০ | ৬৯৬০ | ২৩.১৫% | |
| ৮ | রৌমারী | ২৯৭.৫৬৫ | ১৯.১৯৫ | ৭৩৮২০০ | ০০ | ০০ | ০০.০০% | |
| ৯ | চর রাজিবপুর | - | - | - | - | - | - | ‘ক’ তফশীলভূক্ত সম্পত্তি নেই |
| সর্বমোট= | | ২৪৩০.৫৪৫ | ১৩৩.১৯০ | ১৭৭৬৭২৩ | ১২১৮০ | ৬৪৩৩০ | ০৩.৬২% | |

## ৯। হাট-বাজারের পেরিফেরি সংক্রান্ত: অক্টোবর ২০২০

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| এ জেলায় মোট হাট-বাজারের সংখ্যা ১৬৪ টি। বিবেচ্য মাস পর্যন্ত পেরিফেরিভূক্ত হাট-বাজারের সংখ্যা ১৪৮ টি। সভায় উপজেলাভিত্তিক প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় কুড়িগ্রাম সদর উপজেলায় পেরিফেরিভুক্ত নয় এমন ০৮ টি, উলিপুরে ০৬ টি এবং রৌমারীতে ০২ টি সহ মোট ১৬ টি হাটের পেরিফেরি হয়নি। কুড়িগ্রাম সদর উপজেলার ০৮ টি হাটের মধ্যে ০১ টিতে আদালতে মামলা থাকায় ও ০১ টি নদী-ভাঙ্গানকবলিত হওয়ায় পেরিফেরিভুক্তকরণ সম্ভব হয়নি। কুড়িগ্রাম সদর,উলিপুর ও রৌমারী উপজেলায় যেসব ক্যালেন্ডারভুক্ত হাটের পেরিফেরি হয়নি সেসব হাটের পেরিফেরি অনুমোদনের প্রস্তাব জরুরিভিত্তিতে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) গণকে নির্দেশনা প্রদান করা হয়। পেরিফেরি সংশোধনযোগ্য হলে দ্রুত সংশোধন প্রস্তাব প্রেরণের জন্য পরামর্শ প্রদান করা হয়। কোন হাটবাজার না বসলে তা ক্যালেন্ডার হতে বাদ দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্যও নির্দেশনা প্রদান করা হয়।হাট-বাজারের চান্দিনা ভিটির জমি বন্দোবস্ত কার্যক্রম গ্রহণ করাসহ কেউ অবৈধভাবে দখলে থাকলে বিধি মোতাবেক উচ্ছেদপূর্বক বন্দোবস্ত প্রদান করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করা হয়। আগামী রাজস্ব সভার পূর্বেই পেরিফেরিভূক্ত হাট-বাজারের নাম,বন্দোবস্তযোগ্য জমির পরিমাণ,অবৈধ দখলদারের সংখ্যা ও অবশিষ্ট জমির পরিমাণ উল্লেখপূর্বক বিস্তারিত তথ্য এ কার্যালয়ে প্রেরণ করার জন্য সহকারী কমিশনার (ভূমি)(সকল, কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হয়। প্রতিটি উপজেলা হতে কমপক্ষে ৫টি করে বন্দোবস্ত নথি এ অফিসে প্রেরণ করতে উপজেলা নির্বাহী অফিসারগণকে পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। হাট-বাজারসমূহের নীতিমালা মোতাবেক তাঁর অধিক্ষেত্রের হাট-বাজার সমূহের ইজারা প্রদান কার্যক্রম গ্রহণের পাশাপাশি ইজারালব্ধ অর্থ হতে বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর আদায় করে সংশ্লিষ্ট খাতে জমা প্রদান করা হয়েছে কি না এবং খাস আদায়কৃত অর্থ যথাযথখাতে জমা হচ্ছে কি না তা যাচাই করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। | ১। যেসব ক্যালেন্ডারভুক্ত হাটের পেরিফেরি হয়নি নীতিমালা অনুযায়ী সেসব হাটের পেরিফেরি কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। পেরিফেরি সংশোধনযোগ্য হলে দ্রুত সংশোধন প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>২। পেরিফেরিভূক্ত না হওয়া হাট-বাজারসমূহ অবিলম্বে পেরিফেরিভুক্ত করতে হবে এবং কোন হাট-বাজার না বসলে তা বিধি মোতাবেক ক্যালেন্ডার হতে বাদ দিতে হবে।<br>৩। হাট-বাজারের চান্দিনা ভিটির জমি বন্দোবস্ত কার্যক্রম গ্রহণ করাসহ কেউ অবৈধভাবে দখলে থাকলে বিধি মোতাবেক উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। প্রতিমাসে প্রতি উপজেলা হতে কমপক্ষে ৫টি করে হাট চান্দিনার লাইসেন্স নথির প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>৫। আগামী সভার পূর্বেই প্রতিটি উপজেলা হতে পেরিফেরিভূক্ত হাট-বাজারের নাম,বন্দোবস্তযোগ্য জমির পরিমাণ,অবৈধ দখলদারের সংখ্যা ও অবশিষ্ট জমির পরিমাণ উল্লেখপূর্বক বিস্তারিত তথ্য এ অফিসে প্রেরণ করতে হবে।<br>৬। হাট-বাজারসমূহের নীতিমালা মোতাবেক তাঁর অধিক্ষেত্রের ইজারাবিহীন হাটসমূহ খাস আদায় অব্যাহত রাখা এবং ইজারা প্রদান কার্যক্রমসহ হাট-বাজার সমূহের ইজারালব্ধ অর্থ হতে বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর আদায় করে সংশ্লিষ্ট খাতে জমা প্রদান করা হয়েছে কি না এবং খাস আদায়কৃত অর্থ যথাযথখাতে জমা হচ্ছে কি না তা যাচাই করতে করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি) (সকল) কুড়িগ্রাম।<br><br>(২-৩)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/ রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম।<br><br>(৪-৫)। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম।<br>৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম/উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/ রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম। |

## হাট-বাজার লিজ সংক্রান্ত তথ্য: অক্টোবর/২০২০

| উপজেলা/ পৌরসভা/সিটি কর্পোরেশনের নাম | মোট হাট-বাজারের সংখ্যা | বিবেচ্য মাস পর্যন্ত পেরিফেরি ভূক্ত হাট-বাজারের সংখ্যা | চলতি মাসে পেরিফেরি ভূক্ত হাট-বাজারের সংখ্যা | ইজারা প্রদত্ত হাট-বাজারের সংখ্যা | ইজারাহীন হাট-বাজারের সংখ্যা | খাস আদায় হচ্ছে | ইজারালব্ধ অর্থের পরিমাণ (বাংলা ১৪২৭) | ৫% হারে অর্থ ৭-ভূমি রাজস্ব খাতে জমার পরিমাণ | ২০% হারে অর্থ ৭-ভূমি রাজস্ব খাতের অধীন ৪-হাট-বাজার খাতে জমা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| কুড়িগ্রাম সদর | ২৬ | ১৮ | - | ১৮ | ৮ | ৮ | ২১৫৫০৫২৯ | - | - |
| কুড়িগ্রাম পৌরসভা | ১ | ১ | - | - | - | - | ১৭২৫০০০ | ৮৬২৫০ | - |
| নাগেশ্বরী | ২৪ | ২৪ | - | ২১ | ৩ | ৩ | ৬৯৬১১৯৫ | ৩৪৮০৬০ | ১৩৯২২৩৯ |
| নাগেশ্বরী পৌরসভা | ১ | ১ | - | ১ | - | - | ৭৮০৩৪০০ | ৩৯০১৭০ | - |
| ভূরুঙ্গামারী | ২০ | ২০ | - | ১৮ | ২ | ২ | ৩৩১৬০০৩১ | - | - |
| ফুলবাড়ী | ১৪ | ১৪ | - | ১১ | ৩ | ৩ | ৮২৫১৬২১ | ৪১২৫৮১ | ১৬৫০৩২৪ |
| রাজারহাট | ১৭ | ১৭ | - | ১৫ | ২ | ২ | ৮৮১৬২৮০ | - | - |
| উলিপুর | ৩২ | ২৬ | - | ২৬ | ৬ | ৬ | ৮৭৫২০০৯ | - | - |
| উলিপুর পৌরসভা | ২ | ২ | - | ২ | - | - | ১৫৩১১৩০০ | - | - |
| চিলমারী | ৫ | ৫ | - | ৪ | ১ | ১ | ১৩৫৭৬১৯০ | - | - |
| রৌমারী | ১৭ | ১৫ | - | | | | ২৮৪২১৩০৩ | | |
| চর রাজিবপুর | ৫ | ৫ | - | ৪ | ১ | ১ | ৬৭৭২১০০ | ৩৩৮৬০৫ | ১৩৫৪৪২০ |
| মোট= | ১৬৪ | ১৪৮ | - | ১৩৮ | ২৬ | ২৬ | ১৬১১০০৯৫৮ | ১৫৭৫৬৬৬ | ৪৩৯৬৯৮৩ |

## ১০। জলমহাল সংক্রান্ত: অক্টোবর ২০২০

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| রেভিনিউ ডেপুটি কালেক্টর জানান এ জেলায় ২০ (বিশ) একরের উর্ধ্বে মোট জলমহালের সংখ্যা ৫৩টি। তন্মধ্যে উন্মুক্ত ২৩টি এবং বদ্ধ ৩০টি। ইজারাযোগ্য ৩০টি জলমহালের মধ্যে মন্ত্রণালয় হতে উন্নয়ন প্রকল্পের আওতায় ইজারা প্রদানকৃত জলমহালের সংখ্যা ০৫টি। এ কার্যালয় হতে ইজারা প্রদানকৃত জলমহালের সংখ্যা ১০ টি। এ কার্যালয় হতে ইজারা প্রদানযোগ্য জলমহালের সংখ্যা ০৩টি। অবশিষ্ট জলমহালের মধ্যে মামলা চলমান ০৬ টিতে, ভরাট হওয়ার কারণে ইজারা কার্যক্রম বন্ধ রয়েছে ০১ টিতে এবং নদীগর্ভে বিলীন ২ টি। ইজারা প্রদানকৃত ১০ টি জলমহাল হতে ১৪২৭ বাংলা সনের প্রাপ্ত আয় =৮২,৩০,৬৫৯/- টাকা। ২০ (বিশ) একরের নিম্নে মোট জলমহালের সংখ্যা ৯৫ টি। ইজারা বহির্ভূত কোন জলাশয় থাকলে নীতিমালা অনুযায়ী সেগুলোর খাস কালেকশনের মাধ্যমে আদায়কৃত অর্থ সরকারি কোষাগারে জমাদান নিশ্চিত করে এ অফিসকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণকে পরামর্শ প্রদান করা হয়। ২০ একরের উর্ধ্বে জলাশয়ের বিস্তারিত তথ্য এবং ইজারাধীন, ইজারা বহির্ভূত জলাশয়ের তথ্য প্রতিসভায় রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম উপস্থাপন করবেন। উপজেলায় কি পরিমাণ জলাশয় ইজারাযোগ্য রয়েছে তার ইউনিয়নভিত্তিক তথ্য প্রতিমাসে উপজেলা নির্বাহী অফিসারগণকে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। ভিডিওসহ জলমহালসমূহের ডাটাবেইজ প্রণয়ন এবং ছবিসহ খাস/ভিপি পুকুরের তথ্য প্রেরণের জন্য এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়। | ১। ২০ একরের নিচের যে সব জলমহালের ইজারা প্রদান সম্ভব হয়নি সেগুলোর খাস কালেকশনের মাধ্যমে আদায়কৃত অর্থ সরকারি কোষাগারে জমাদান নিশ্চিত করে এ অফিসকে অবহিত করতে হবে।<br>২। ২০ একরের উর্ধ্বে জলাশয়ের বিস্তারিত তথ্য এবং ইজারাধীন, ইজারা বহির্ভূত জলাশয়ের তথ্য প্রতিসভায় উপস্থাপন করতে হবে। উপজেলায় কি পরিমাণ জলাশয় ইজারাযোগ্য রয়েছে তার ইউনিয়নভিত্তিক তথ্য প্রতিমাসে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>৩। ভিডিওসহ জলমহালসমূহের ডাটাবেইজ প্রণয়ন এবং ছবিসহ খাস/ভিপি পুকুরের তথ্য এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম /সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রাম/রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

## ১১। এল এ কেস সংক্রান্ত: অক্টোবর ২০২০

ভূমি অধিগ্রহণ শাখা, কুড়িগ্রাম হতে প্রাপ্ত তথ্য নিম্নরূপ:

| মোট এলএ কেসের সংখ্যা | | গেজেটে প্রকাশিত এল,এ কেসের সংখ্যা | | নামজারীর সংখ্যা | | বাতিলকৃত এল,এ কেসের সংখ্যা | |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১৯৪৮ | ১৯৮২ | ১৯৪৮ | ১৯৮২ | ১৯৪৮ | ১৯৮২ | ১৯৪৮ | ১৯৮২ |
| ৩৮৪ | ৩৩৩ | ১৭৯ | ২৯০ | ১৩৬ | ২৭২ | ৬ | ১৩ |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অতিরিক্ত ভূমি অধিগ্রহণ কর্মকর্তা সভায় জানান, ১৯৪৮ সনের জরুরি হুকুম দখল আইনের আওতায় ৪৮টি অনিষ্পন্ন এল এ কেসের প্রকল্প বাস্তবায়নের প্রত্যয়নপত্র চেয়ে প্রত্যাশী সংস্থা বরাবর পত্র দেয়া হয়েছে। গেজেটে প্রকাশিত ১৭৯ টি কেসের মধ্যে ৩৩ টি কেসের নামজারী করা হয়নি, অবশিষ্ট কেসের গেজেটের কপি সংগ্রহ সাপেক্ষে নামজারী করা হবে। গেজেটে প্রকাশিত যে সকল এল, এ কেসের তফসিলভূক্ত সম্পত্তির নামজারী হয়নি সে সকল এল,এ কেসের তফসিলভূক্ত সম্পত্তি নামজারী কার্যক্রম গ্রহণপূর্বক আগামী সভার পূর্বে নিষ্পত্তিকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে প্রতিবেদন প্রেরণের জন্য ভূমি অধিগ্রহণ কর্মকর্তাকে অনুরোধ করা হলো। প্রকল্প বাস্তবায়নের প্রত্যয়নপত্র প্রেরণের জন্য তাগিদ পত্র প্রদানের পরামর্শ দেয় হলো।<br>১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ এর আওতায় ২৭২ টির নামজারী সম্পন্ন হয়েছে মর্মে সভায় জানানো হয়। গেজেটে প্রেরিত কেসগুলির মধ্যে ইতোমধ্যে গেজেট প্রকাশিত হয়েছে কি না সে বিষয়ে খোঁজ নেয়া হচ্ছে। এল, এ কেসের গেজেটের ভিত্তিতে সংশ্লিষ্ট প্রত্যাশী সংস্থার নামে অধিগ্রহণকৃত জমির নামজারী সম্পাদন করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করেন। অধিগ্রহণকৃত কোন সম্পত্তি ব্যক্তির নামে নামজারি হয়ে থাকলে তা দুত বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ,সংশ্লিষ্ট খতিয়ানের বিপরীতে এল,এ কেস নম্বর লিখার জন্য এবং এল,এ কেস রেজিস্টার হাল নাগাদ রাখার জন্যও নির্দেশ প্রদান করেন।ভূমি মন্ত্রণালয়, শাখা-৪ হতে গত ১৭/১০/১৯৯৯ ইং তারিখে জারীকৃত স্মারকের ভিত্তিতে ১৯৪৮ সালের আইন এবং ১৯৮২ সালের অধ্যাদেশের আওতায় এল এ কেসের গেজেট প্রকাশনার ব্যবস্থা ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে সম্পন্ন নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো। | ১। ১৯৪৮ সনের যে ৪৮টি অনিষ্পন্ন এল এ কেস আছে তার গেজেট সংগ্রহপূর্বক দ্রুত নামজারির ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরে পত্র প্রেরণ করতে হবে।<br>২। ১৯৪৮ সালের জরুরী হুকুম দখল আইনের আওতায় সৃজিত কেসগুলির মধ্যে অনিষ্পত্তি কেসগুলি (প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রয়োজনীয় কাগজপত্র দাখিলের অভাবে) নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। অধিগ্রহণকৃত কোন সম্পত্তি ব্যক্তির নামে নামজারি হয়ে থাকলে তা দ্রুত বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, সংশ্লিষ্ট খতিয়ানের বিপরীতে এল,এ কেস নম্বর লিখতে হবে এবং এল,এ কেস রেজিস্টার হাল নাগাদ রাখতে হবে।<br>৪। ভূমি মন্ত্রণালয়, শাখা-৪ হতে গত ১৭/১০/১৯৯৯ ইং তারিখে জারীকৃত স্মারকের ভিত্তিতে ১৯৪৮ সালের আইন এবং ১৯৮২ সালের অধ্যাদেশের আওতায় এল এ কেসের গেজেট প্রকাশনার ব্যবস্থা ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে সম্পন্ন নিশ্চিত করতে হবে। | (১-২)। ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, কুড়িগ্রাম।<br>৩। অতিরিক্ত ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, কুড়িগ্রাম।<br>৪। সহকারী কমিশনার (ভূমি) (সকল) ,কুড়িগ্রাম/ ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, কুড়িগ্রাম। |

**১২। সরকারি সম্পত্তি সংক্রান্ত দেওয়ানি মামলা: অক্টোবর ২০২০**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- |
| সহকারী কমিশনার, আরএম শাখা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় অক্টোবর/২০২০ মাস পর্যন্ত খাস জমি সংক্রান্ত মূল মামলা ১২০১ টি। অনিষ্পন্ন মামলার সংখ্যা ১২০১ টি, আপিল মামলা ১২২ টি। অর্পিত সম্পত্তি সংক্রান্ত মূল মামলা ৮৬২টি। অনিষ্পন্ন মামলার সংখ্যা ৮৬১ টি এবং আপিল ০৬ টি। সরকার বিপক্ষে রায়/ডিক্রিকৃত মামলাসমূহ তামাদি মেয়াদের মধ্যেই ছানি/আপিল/রিভিশন দায়েরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করা হলো। প্রতিবেদনে দেখা যায় যে, ১ মাসের অধিক পেন্ডিং এসএফ এর সংখ্যা ১৮০ টি। ০১ (এক) মাসের অধিক পেন্ডিং এস,এফ আগামি উপজেলা পর্যায়ে নিষ্পত্তি করে শূন্যের কোটায় নিয়ে আসা নিশ্চিৎ করতে এবং পেন্ডিং এস এফ এর তথ্য আগামী ৭ (সাত) দিনের মধ্যে এ অফিসে প্রেরণ করার জন্য সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রামকে নির্দেশনা পরামর্শ প্রদান করা হয়।সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলার পরিপ্রেক্ষিতে দ্রুত রেকর্ড সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সহকারী কমিশনার,(রেকর্ডরুম শাখা)কে পরামর্শ প্রদান করা হলো। এসএফ প্রেরণের ক্ষেত্রে মালিকানার ধরাবাহিকতা, দখল ইত্যাদি বিষয় উল্লেখ করতে হবে। এস এফ প্রেরণে সর্বোর্চ্চ অগ্রাধিকার দিতে উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি)(সকল),কুড়িগ্রামকে বলা হলো। উপজেলাভিত্তিক ভিপি মামলার তথ্য প্রেরণ করতে নির্দেশনা প্রদান করা হলো। নোটিশ/সমনের সাথে আরজির কপি যাতে প্রেরণ করা হয় সে বিষয়ে বিজ্ঞ জিপি/এজিপি(সকল) ও ভিপি কৌসুলী, কুড়িগ্রামকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১। সরকারের বিপক্ষে রায় হওয়া মামলার ক্ষেত্রে সরকার পক্ষে মামলা পরিচালনায় কোন ত্রুটি বা গাফিলতি আছে কিনা তা খতিয়ে দেখতে হবে এবং মামলাগুলো নির্ধারিত সময়ের মধ্যে যথাশ্রীঘ্র আপিল দায়েরের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সরকারের বিপক্ষে রায় হলে দ্রুত আপীল দায়ের করতে হবে।<br>২। সরকারি স্বার্থসংশ্লিষ্ট মামলার ব্যাপারে বিজ্ঞ সরকারি কৌসুলির সাথে এস,এফ বিষয়ে সতর্কতার সাথে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে এবং বিজ্ঞ সরকারি কৌশুলীর সাথে সমন্বয় করতে হবে।<br>৩। মামলার তালিকা আর এম শাখা হতে সংগ্রহপূর্বক পেন্ডিং এস এফ এর জবাব জরুরি প্রেরণ নিশ্চিৎ করতে হবে।<br>৪। ১ মাসের অধিক পেন্ডিং এস এফ আগামি সভার পূর্বেই শূন্যের কোটায় নামিয়ে এনে অগ্রগতি প্রতিবেদন এবং অবশিষ্ট পেন্ডিং এস এফ এর তথ্য আগামী ৭ (সাত) দিনের মধ্যে এ অফিসে প্রেরণ করতে হবে।<br>৫। এসএফ প্রেরণের ক্ষেত্রে মালিকানার ধরাবাহিকতা,দখল ইত্যাদি বিষয় উল্লেখ করতে হবে।<br>৬। উপজেলার এসএফ রেজিস্টার হালনাগাদ করতে হবে এবং সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলাসমূহ লাল কালিতে চিহ্নিত করতে হবে। উপজেলাভিত্তিক ভিপি মামলার তথ্য প্রেরণ করতে হবে।<br>৭। নোটিশ/সমনের সাথে আরজির কপি প্রেরণ করতে হবে। | ১। সহকারী কমিশনার (ভূমি), সকল, কুড়িগ্রাম।<br>২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম /বিজ্ঞ সরকারি কৌসুলি, কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার (ভূমি),সকল, কুড়িগ্রাম /বিজ্ঞ সরকারি কৌসুলি / বিজ্ঞ ভিপি কৌশুলী, কুড়িগ্রাম।<br>৪। সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম /সহকারী কমিশনার (আর,এম)শাখা / ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/ ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা (সকল), কুড়িগ্রাম।<br>(৫-৬)। সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম<br>৭। বিজ্ঞ জিপি/এজিপি (সকল) ও ভিপি কৌশুলী, কুড়িগ্রাম। |

**১৩। রেন্ট সার্টিফিকেট মামলা সংক্রান্ত : অক্টোবর ২০২০**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- |
| সভায় রেন্ট সার্টিফিকেট মামলার বর্ণিত তথ্য অনুযায়ী দেখা যায় অক্টোবর ২০২০ মাস পর্যন্ত অনিষ্পত্তিকৃত রেন্ট সার্টিফিকেট মামলার সংখ্যা ১৭৫টি, বিপরীতে দাবির পরিমাণ =১৫,১৩,৭৬৪/-টাকা। অনিষ্পত্তিকৃত রেন্ট সার্টিফিকেট মামলা দ্রুততম সময়ে নিষ্পত্তিকরণে এখন থেকে সপ্তাহে ০১ দিন ধার্য করে রেন্ট সার্টিফিকেট আদালতের কার্যক্রম পরিচালনার জন্য সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে অনুরোধ করা হয়। সরকারি দাবি আদায় আইন, ১৯১৩ অনুযায়ী বকেয়া আদায়যোগ্য হোল্ডিং এর বিপরীতে রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের নিশ্চিত করার জন্য সার্টিফিকেট অফিসারগণকে পরামর্শ প্রদান করা হয়। স্ব স্ব উপজেলার অনিষ্পন্ন রেন্ট সার্টিফিকেট মামলা নিষ্পত্তিতে অধিকতর মনোযোগী হওয়াসহ মাসিক নিষ্পত্তির লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে সহকারী কমিশনার (ভূমি)গণকে নির্দেশনা প্রদান করা হয়।রেন্ট সার্টিফিকেট মামলাভূক্ত জমির নামজারী অনুমোদনের বিষয়ে সতর্ক থাকার জন্য এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহ পরিদর্শনকালে সংশ্লিষ্ট রেজিস্টারসমূহ গুরুত্বসহকারে যাচাই করার জন্য দায়িত্বপ্রাপ্ত /পরিদর্শনকারী কর্মকর্তাকে অনুরোধ করা হয়। রেন্ট সার্টিফিকেট মামলাসমূহ নির্ধারিত তারিখে উপস্থাপিত হচ্ছে কিনা তা উপজেলা ভূমি অফিস পরিদর্শন কালে যাচাই করতে সংশ্লিষ্ট পরিদর্শনকারী কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হয়। | ১। কোন উপজেলায় রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের না হওয়ার বিষয়টি খতিয়ে দেখতে এবং বড় বড় বকেয়াধারীদের বিরুদ্ধে রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের করতে হবে।<br>২। যে সকল ভূমি মালিকগণ দীর্ঘদিন যাবৎ ভূমি উন্নয়ন কর পরিশোধ করেননি তাদের তালিকা প্রস্তুতপূর্বক রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের করতে হবে এবং মামলা নিষ্পত্তির লক্ষ্যে ভূমি মালিককে যথাযথভাবে নোটিশ প্রদান করতে হবে।<br>৩। স্ব স্ব উপজেলার অনিষ্পন্ন রেন্ট সার্টিফিকেট মামলা নিষ্পত্তিতে অধিকতর মনোযোগী হওয়াসহ মাসিক নিষ্পত্তির লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে।<br>৪। সরকারি দাবি আদায় আইন ১৯১৩ অনুযায়ী বকেয়া আদায়যোগ্য হোল্ডিং এর বিপরীতে ভূমি উন্নয়ন কর আদায়ের স্বার্থে যথাসময়ে রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের করার জন্য সার্টিফিকেট অফিসারগণ ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।<br>৫। রেন্ট সার্টিফিকেট মামলাভূক্ত জমির নামজারী অনুমোদনের বিষয়ে সতর্ক থাকতে হবে এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহ পরিদর্শনকালে সংশ্লিষ্ট রেজিস্টারসমূহ গুরুত্বসহকারে যাচাই করতে হবে।<br>৬। রেন্ট সার্টিফিকেট মামলাসমূহ নির্ধারিত তারিখে উপস্থাপিত হচ্ছে কিনা তা উপজেলা ভূমি অফিস পরিদর্শন কালে যাচাই করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।<br>(২-৩)। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।<br>৪। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।<br>(৫-৬)। পরিদর্শনকারী কর্মকর্তা (সকল), কুড়িগ্রাম। |

**রেন্ট সার্টিফিকেট মামলার বিবরণী: অক্টোবর ২০২০ মাস**

| উপজেলা | গতমাস পর্যন্ত অনিস্পত্তি কৃত রেন্ট সাঃ মাঃ সংখ্যা | চলতি মাসে দায়েরকৃত রেন্ট সাঃ মাঃ সংখ্যা | চলতি মাসে দায়ের কৃত মামলার দাবির টাকার পরিমাণ | মোট রেন্ট সাঃ মাঃ সংখ্যা (২+৩) | মোট রেন্ট সাঃ মাঃ দাবির টাকার পরিমাণ (৩+৪) নং কলামের দাবির টাকার পরিমাণ | চলতি মাসে নিস্পত্তি কৃত রেন্ট সাঃ মাঃ সংখ্যা | আদায়কৃত টাকার পরিমাণ | জুলাই/২০ হতে চলতি মাস পর্যন্ত পুঞ্জিভূত আদায়কৃত টাকার পরিমাণ | মোট অনিস্পত্তিকৃত রেন্ট সাঃ মামলার সংখ্যা | মোট অনাদায়ী টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| কুড়িগ্রাম সদর | ৭০ | ০০ | ০০ | ৭০ | ৫৫৬৫১৫ | ০০ | ০০ | ৪৮২৩৭ | ৭০ | ৫৫৬৫১৫ |
| নাগেশ্বরী | ২৪ | ০০ | ০০ | ২৪ | ৬০৫৭৫ | ১৩ | ৩১৮১৫ | ১৩৪৯১৫ | ১১ | ২৮৭৬০ |
| ভূরুঙ্গামারী | ০৩ | ০০ | ০০ | ০৩ | ৭৬৩০ | ০০ | ০০ | ০০ | ০৩ | ৭৬৩০ |
| ফুলবাড়ী | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| রাজারহাট | ০৩ | ০০ | ০০ | ০৩ | ৫৭৭২৩ | ০০ | ০০ | ০০ | ০৩ | ৫৭৭২৩ |
| উলিপুর | ৭৪ | ০০ | ০০ | ৭৪ | ৬১৭৫৫৮ | ০০ | ০০ | ২০২২৪০ | ৭৪ | ৬১৭৫৫৮ |
| চিলমারী | ০৪ | ০০ | ০০ | ০৪ | ৬৮৫০ | ০০ | ০০ | ০০ | ০৪ | ৬৮৫০ |
| রৌমারী | ০৪ | ০০ | ০০ | ০৪ | ৪০৮৭৫ | ০০ | ০০ | ০০ | ০৪ | ৪০৮৭৫ |
| চর রাজিবপুর | ০৯ | ০০ | ০০ | ০৯ | ১৯৭৮৫৩ | ০০ | ০০ | ০০ | ০৯ | ১৯৭৮৫৩ |
| সর্বমোট= | ১৯১ | ০০ | ০০ | ১৯১ | ১৫৪৫৫৭৯ | ১৩ | ৩১৮১৫ | ৩৮৫৩৯২ | ১৭৮ | ১৫১৩৭৬৪ |

## ১৪। জেনারেল সার্টিফিকেট মামলা সংক্রান্ত: অক্টোবর ২০২০

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| জেনারেল সার্টিফিকেট আদালতগুলোতে মামলা দায়ের ও নিস্পত্তির পরিসংখ্যান সভায় উপস্থাপন করা হয়।উপস্থাপিত পরিসংখ্যানে দেখা যায় যে, অক্টোবর ২০২০ মাস পর্যন্ত মোট মোকদ্দমার সংখ্যা ৩০২৯ টি,বিপরীতে দাবির পরিমাণ =১৭,১৪,৮৬,৯৬০/১৩ টাকা। আলোচনান্তে অনিস্পন্ন মামলাসমূহ দ্রুত নিস্পত্তিকরণে উপজেলা নির্বাহী অফিসারগণকে সুবিধামত সপ্তাহে ০১ দিন ধার্য করে এবং প্রয়োজনে অতিরিক্ত সময়ে সার্টিফিকেট আদালত পরিচালনা করার পরামর্শ প্রদান এবং মাসে কমপক্ষে ৫টি করে মামলা নিস্পত্তি করার লক্ষ্য নির্ধারণের অনুরোধ করা হয়। এছাড়া মামলা পর্যালোচনা করে বাদীপক্ষের তদারকির অভাব পরিলক্ষিত হলে প্রয়াজনে যুক্তিসংগত বার সময় দিয়ে সরকারি দাবি আদায় আইন ১৯১৩ এর সংশ্লিষ্ট বিধানমতে মামলা খারিজ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। ব্যাংকের মামলার ক্ষেত্রে অনুপস্থিত থাকলে বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট ব্যাংকের প্রধানকে পত্র দেয়ার পরামর্শ প্রদান করা হলো। উপজেলা কৃষি ঋণ কমিটির সভা নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। জেনারেল সার্টিফিকেট মামলার নিস্পত্তির হার বৃদ্ধিসহ সার্টিফিকেট মামলাভূক্ত চিহ্নিত শীর্ষ খাতকদের বিরুদ্ধে অগ্রাধিকার ভিত্তিতে আইনগত ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার জন্য নির্দেশনা দেয়া হয়। সরকারি পাওনাদার কর্তৃক স্বাক্ষরিত পাওনা পরিশোধের ডকুমেন্টসহ মামলা নিস্পত্তির আবেদন থাকলে তা নিস্পত্তি করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান এবং জেনারেল সার্টিফিকেট মামলা নিস্পত্তিতে অধিকতর তৎপর হওয়ার জন্য সকল সার্টিফিকেট অফিসারকে অনুরোধ করা হলো। | ১। সরকারি দাবি আদায় আইন ১৯১৩ অনুযায়ী সরকারি পাওনা আদায়ের লক্ষ্যে অনিস্পন্ন জেনারেল সার্টিফিকেট মামলাসমূহ হতে সপ্তাহে সুবিধামত ০১ দিন ধার্য করে প্রয়োজনে অতিরিক্ত সময়ে আদালত পরিচালনার মাধ্যমে প্রতিমাসে কমপক্ষে ০৫ টি মামলা নিস্পত্তি করতে হবে।<br>২। মামলা পর্যালোচনা করে বাদীপক্ষের তদারকির অভাব পরিলক্ষিত হলে প্রয়াজনে যুক্তিসংগত বার সময় দিয়ে সরকারি দাবি আদায় আইন ১৯১৩ এর সংশ্লিষ্ট বিধানমতে মামলা খারিজ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। ব্যাংকের মামলার ক্ষেত্রে অনুপস্থিত থাকলে বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট ব্যাংকের প্রধানকে পত্র প্রদান করতে হবে।<br>৪। নিয়মিত উপজেলা কৃষি ঋণ কমিটির সভা করতে হবে।<br>৫। জেনারেল সার্টিফিকেট মামলার নিস্পত্তির হার বৃদ্ধি করতে হবে এবং শীর্ষ খাতকদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে অগ্রাধিকার ভিত্তিতে আইনগত ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br>৬। সরকারি পাওনাদার কর্তৃক স্বাক্ষরিত পাওনা পরিশোধের ডকুমেন্টসহ মামলা নিস্পত্তির আবেদন থাকলে তা নিস্পত্তি করতে হবে।<br>৭। জেনারেল সার্টিফিকেট মামলা নিস্পত্তিতে অধিকতর তৎপর হতে হবে। | (১-৩)। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম /জেনারেল সার্টিফিকেট অফিসার, কুড়িগ্রাম কালেক্টরেট, কুড়িগ্রাম।<br>(৪-৭)। সংশ্লিষ্ট সকল। |

## জেনারেল সার্টিফিকেট মামলার বিবরণী: অক্টোবর ২০২০

| উপজেলার নাম | চলতি মাসে দায়েরকৃত কেসের সংখ্যা | দাবিকৃত টাকার পরিমাণ | মোট জেনারেল সার্টিফিকেট কেস সংখ্যা | মোট দাবিকৃত টাকার পরিমাণ | চলতি মাসে নিষ্পত্তিকৃত জেনারেল সার্টিফিকেট কেস সংখ্যা | আদায়কৃত টাকার পরিমাণ | মোট অনিষ্পত্তিকৃত জেনারেল সার্টিফিকেট কেসের সংখ্যা | মোট অনাদায়ী টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম | - | - | ২১০ | ২৮১৭০০৬২/০০ | ৩৯ | ২৬১১০৫৩/- | ১৭১ | ২৫৫৫৯০০৯/০০ |
| কুড়িগ্রাম সদর | - | - | ৪১০ | ৩৪২২৬৬৪/০০ | - | - | ৪১০ | ৩৪২২৬৬৪/০০ |
| নাগেশ্বরী | - | - | ৪২১ | ১৯৪২৫৭৯২/০০ | ১ | ৯১৯৬১/- | ৪২০ | ১৯৩৩৪১৩১/০০ |
| ভূরুঙ্গামারী | ৬০৫ | ২৫৩৭৯৩০৭/- | ৮১১ | ৪০৪৮৬৯০৭/০০ | - | - | ২০৬ | ১৫১০৭৫৯৮/০০ |
| ফুলবাড়ী | - | - | ১৭১ | ১০৮৩০৪২৯/০০ | ১৮ | ৩৪৬৫৯৮/- | ১৫৩ | ১০৭৭৯৮০৮/০০ |
| রাজারহাট | - | - | ১৭৭ | ৭২৩৬৪৭৯/০০ | - | - | ১৭৭ | ৭২৩৬৪৭৯/০০ |
| উলিপুর | - | - | ৩৫২ | ১৮৪৭৩১৫৬/০০ | - | - | ৩৫২ | ১৮৪৭৩১৫৬/০০ |
| চিলমারী | - | - | ৪৩১ | ৭৯৫৪৬৩২/১৩ | - | - | ৪৩১ | ৭৯৫৪৬৩২/১৩ |
| রৌমারী | - | - | ৬৫ | ৬২২৪০০৯/০০ | - | - | ৬৫ | ৬২২৪০০৯/০০ |
| চর রাজিবপুর | - | - | ৩৯ | ১২৬৪৬৭৫/০০ | - | - | ৩৯ | ১২৬৪৬৭৫/০০ |
| সর্বমোট= | ৬০৫ | ২৫৩৭৯৩০৭/- | ৩০৮৭ | ১৭৪৫৩৬২৭২/১৩ | ৫৮ | ৩০৪৯৬১২/- | ৩০২৯ | ১৭১৪৮৬৬৬/১৩ |

## ১৫। মিস মোকদ্দমা সংক্রান্ত: অক্টোবর ২০২০

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সভায় মিস মোকদ্দমা সংক্রান্ত বিবরণী ছক আকারে উপস্থাপন করেন:-

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| মিস কেস নিষ্পত্তির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সঠিকভাবে নামজারী কেস নিষ্পত্তি না হওয়ার কারণে মিস কেসের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে মর্মে প্রতীয়মান। সে প্রেক্ষিতে সঠিকভাবে নামজারী কেস নিষ্পত্তির উপর গুরুত্ব দেয়ার জন্য সহকারী কমিশনার(ভূমি)গণকে নির্দেশনা প্রদান ও মিস কেসের সংখ্যা যেনো বৃদ্ধি না পায় সে লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার পরামর্শ প্রদান করা হয়। সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন করে মাসওয়ারি লক্ষ্য নির্ধারণের মাধ্যমে অনিষ্পন্ন মিস কেসসমূহের নিষ্পত্তির হার দ্রুততম সময়ে সন্তোষজনক পর্যায়ে উন্নীত করার জন্য সহকারী কমিশনার (ভূমি) গণকে নির্দেশনা দেয়া হলো। বিলুপ্ত ঘোষিত ‘খ’ তফসিলভুক্ত সম্পত্তির রেকর্ড সংশোধন সংক্রান্ত আবেদনসমূহ মালিকানার ধারাবাহিকতা,দখল ইত্যাদি বিবেচনায় নিয়ে দ্রুত নিষ্পত্তি করতে এবং সংশোধিত খতিয়ানের কপি জেলা রেকর্ডরুমে প্রেরণ করতে সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে নির্দেশ প্রদান করা হলো।। মিস মোকদ্দমাগুলি দ্রুত নিষ্পত্তি করার জন্য উপজেলা মাসিক রাজস্ব সভায় আলোচনার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে অনুরোধ করা হয়। | ১। ত্রুটিপূর্ণ নামজারীর ফলে নামজারী মামলা হতে উদ্ভুত মিস কেসের সংখ্যা যেনো বৃদ্ধি না পায় সে জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন করে মাসওয়ারি লক্ষ্য নির্ধারণের মাধ্যমে অনিষ্পন্ন মিস কেসসমূহের নিষ্পত্তির হার দ্রুততম সময়ে সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।<br>৩। বিলুপ্ত ‘খ’ তফসিলভুক্ত সম্পত্তির রেকর্ড সংশোধন সংক্রান্ত আবেদনসমূহ মালিকানার ধারাবাহিকতা,দখল ইত্যাদি বিবেচনায় নিয়ে দ্রুত নিষ্পত্তি করতে এবং সংশোধিত খতিয়ানের কপি জেলা রেকর্ডরুমে প্রেরণ করতে হবে।<br>৪। বিলুপ্ত ‘খ’ তালিকাভুক্ত সম্পত্তির সঠিকভাবে রেকর্ড সংশোধনের আদেশ দেয়া হয় কি না তা উপজেলা ভূমি অফিস পরিদর্শনকালে দৈবচয়নের ভিত্তিতে ২/১ টি নথি যাচাই/পরীক্ষা করতে হবে।<br>৫। ‘খ’ তফসিলভুক্ত সম্পত্তির আবেদন না মঞ্জুর হওয়ার সাথে সাথে আবেদনভুক্ত জমি খাসকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৬। মিস মোকদ্দমাগুলি দ্রুত নিষ্পত্তি করার জন্য উপজেলা মাসিক রাজস্ব সভায় আলোচনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১-৩)। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।<br>৪। সংশ্লিষ্ট সকল।<br>(৫-৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম /সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

## মিস মোকদ্দমা সংক্রান্ত বিবরণী: অক্টোবর,২০২০

| ক্র: নং | উপজেলার নাম | পূর্ববর্তী মাস পর্যন্ত অনিষ্পন্ন মিস মোকদ্দমার সংখ্যা | অক্টোবর/২০২০ মাসে দায়েরকৃত মিস মোকদ্দমার সংখ্যা | মোট মিস মোকদ্দমার সংখ্যা | অক্টোবর/২০২০ মাসে নিষ্পত্তিকৃত মিস মোকদ্দমার সংখ্যা | অক্টোবর/২০২০ মাস পর্যন্ত নিষ্পত্তিকৃত মিস মোকদ্দমার সংখ্যা | মোট অনিষ্পন্ন মিস মোকদ্দমার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | কুড়িগ্রাম সদর | ১৭৬ | ০২ | ১৭৮ | ০৫ | ১২ | ১৭৩ |
| ২ | নাগেশ্বরী | ১১১ | ০০ | ১১১ | ০০ | ০২ | ১১১ |
| ৩ | ভূরুঙ্গামারী | ১২১ | ০৫ | ১২৬ | ০১ | ০৪ | ১২৫ |
| ৪ | ফুলবাড়ী | ০৯ | ০০ | ০৯ | ০০ | ০০ | ০৯ |
| ৫ | রাজারহাট | ১৪ | ০৯ | ২৩ | ০৮ | ১৬ | ১৫ |
| ৬ | উলিপুর | ১০৬ | ০৩ | ১০৯ | ০৬ | ১৯ | ১০৩ |
| ৭ | চিলমারী | ০৩ | ০০ | ০৩ | ০০ | ০০ | ০৩ |
| ৮ | রৌমারী | ৫৭ | ০৭ | ৬৪ | ১২ | ২৯ | ৫২ |
| ৯ | চর রাজিবপুর | ১৪ | ০০ | ১৪ | ০০ | ০০ | ১৪ |
| | সর্বমোট= | ৬১১ | ২৬ | ৬৩৭ | ৩২ | ৮২ | ৬০৫ |

**১৬। অডিট সংক্রান্ত: অক্টোবর ২০২০**

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>জেলায় রাজস্ব প্রশাসনে অক্টোবর ২০২০ মাস পর্যন্ত অনিষ্পন্ন মোট অডিট আপত্তির সংখ্যা ৫৩ টি এবং আপত্তির বিপরীতে জড়িত অর্থের পরিমাণ =৭,৯৭,৯১১/১৮ টাকা। যার উপজেলা ওয়ারী হিসাব বিবরণী নিম্নরুপ:-
<table>
<tr><th>উপজেলার নাম</th><th>আপত্তির পরিমাণ</th><th>জড়িত টাকা</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>কুড়িগ্রাম সদর</td><td>০০</td><td>০০</td><td></td></tr>
<tr><td>নাগেশ্বরী</td><td>০৭</td><td>৪৩২৫৩</td><td></td></tr>
<tr><td>ভূরুঙ্গামারী</td><td>০৭</td><td>১০৯২৮</td><td></td></tr>
<tr><td>ফুলবাড়ী</td><td>০৮</td><td>৬৪৭২৬৩</td><td></td></tr>
<tr><td>রাজারহাট</td><td>১৩</td><td>৩৯৮৯৮</td><td></td></tr>
<tr><td>উলিপুর</td><td>০৭</td><td>১৭৩৯৬</td><td></td></tr>
<tr><td>চিলমারী</td><td>০৬</td><td>৪৮৩৫</td><td></td></tr>
<tr><td>রৌমারী</td><td>০৫</td><td>২০৭২৯</td><td></td></tr>
<tr><td>চর রাজিবপুর</td><td>০৭</td><td>১৩৬০৭/১৮</td><td></td></tr>
<tr><td>মোট=</td><td>৫৩</td><td>৭,৯৭,৯১১/১৮</td><td></td></tr>
</table>
রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম সভায় জানান কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়ের ১৪/৬/২০২০ তারিখের ২৬ নং স্মারকের প্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয়ের ২০/০৯/২০ তারিখের ১৭৩ নং স্মারকে প্রাপ্ত পত্রের নির্দেশনা মতে ১৯৭১-৭২ অর্থবছর থেকে ২০০৯-১০ অর্থবছর পর্যন্ত সাধারণ আপত্তিসমূহ নিস্পত্তি হিসেবে গণ্য হওয়ায় সেপ্টেম্বর/২০২০ মাসে চিলমারী উপজেলায় ১০ টি আপত্তি অবলোপন করা হয়েছে। যে সকল অডিট আপত্তিসমূহ নিস্পত্তিযোগ্য তার বস্তুনিষ্ঠ জবাব ও প্রতিবেদনের প্রয়োজনীয় সংখ্যক কপিসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি অবিলম্বে প্রস্তুতপূর্বক প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। অডিট আপত্তি নিস্পত্তির হার সন্তোষজনক পর্যায়ে উন্নীতকরণের লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে পরামর্শ প্রদান করা হলো। হিসাব তত্ত্বাবধায়ক(রাজস্ব) কর্তৃক খসড়া আপত্তিতে উল্লিখিত অর্থ দায়ি ব্যক্তিগণ যাতে সঙ্গে সঙ্গে সরকারি কোষাগারে জমা প্রদান করেন সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে অনুরোধ করা হয়। প্রতিমাসে যে উপজেলা হতে অডিট আপত্তির ব্রডশিট জবাব পাওয়া যায়, সে সমস্ত ব্রডশিট জবাবের সংখ্যা সভায় উপস্থাপনের জন্য রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হলো।</td><td>১। মুজিব বর্ষ উপলক্ষ্যে ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে অবলোপনযোগ্য অডিট আপত্তিসমূহ দ্রুত অবলোপন করতে হবে।<br>২। হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) কর্তৃক খসড়া আপত্তিতে উল্লিখিত অর্থ দায়ী ব্যক্তিগণ যাতে সঙ্গে সঙ্গে সরকারি কোষাগারে জমা প্রদান করেন সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে প্রমাপ অনুযায়ী প্রতি মাসে অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহের জবাব প্রেরণ করতে হবে।<br>৪। প্রতিমাসে যে উপজেলা হতে অডিট আপত্তির ব্রডশিট জবাব পাওয়া যায়, সে সমস্ত ব্রডশিট জবাবের সাথে অনলাইন যাচাই কপি বা প্রযোজ্য ক্ষেত্রে সিটিআর এর কপি প্রেরণ করতে হবে।</td><td>১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি) (সকল) কুড়িগ্রাম।<br>(২-৪)। রেভিনিউ ডেপুটি কালেক্টর/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।</td></tr>
</table>

**১৭। ইনোভেশন সংক্রান্ত: অক্টোবর ২০২০**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| নাগরিকদের সহজে ও দ্রুত ভূমি সেবা প্রদানের লক্ষ্যে সরকার বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে "Service at Doorsteps" বা জনগণের দোরগোড়ায় ই-সেবা পৌঁছানো নিশ্চিত করাসহ প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের উদ্যোগে নাগরিক সেবা সহজীকরণের জন্য ইনোভেশন কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে সভাপতি কুড়িগ্রাম জেলার জেলা ও উপজেলা পর্যায়ের রাজস্ব প্রশাসনের সকল কর্মকর্তাকে তাদের স্ব স্ব দপ্তরে ভূমি সেবা প্রাপ্তির বিষয়ে সচেতন করার জন্য এবং ভূমি সেবা বিষয়ে ইনোভেটিভ উদ্যোগ সম্পর্কে সক্রিয় হওয়ার জন্য অনুরোধ করেন।<br>সভাপতি বলেন সমবেত বা সমবায়ভিত্তিক প্রয়াস যে কোন সফলতার মাত্রাকে বহুগুণে বর্ধিত করে। তৃণমূল পর্যায় থেকেই মূল উদ্ভাবন সূচিত হয়। আর সেক্ষেত্রে সাফল্যের সম্ভাবনাও থাকে অনেক বেশী। সেবা প্রদান বা সার্ভিস ডেলিভারিকে কীভাবে আরো জনগণের কাছাকাছি নিয়ে যাওয়া যায় সে লক্ষ্যে এ কার্যালয়ের রাজস্ব শাখা/আরএম শাখা/ভূমি অধিগ্রহণ শাখাসহ উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিসসমূহে ভূমি সেবা প্রত্যাশীদের ভূমি বিষয়ক সেবা প্রদানে উদ্ভাবনী চর্চা করার পরামর্শ প্রদান করেন। | ১। নাগরিক সেবা সহজীকরণের জন্য ইনোভেশন কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে কুড়িগ্রাম জেলার জেলা ও উপজেলা পর্যায়ের রাজস্ব প্রশাসনের সকল কর্মকর্তাকে তাদের স্ব স্ব দপ্তরে ভূমি সেবা প্রাপ্তির বিষয়ে সচেতন করার জন্য এবং ভূমি সেবা বিষয়ে ইনোভেটিভ উদ্যোগ নিয়ে সক্রিয় হতে হবে।<br>২। রাজস্ব শাখা/আরএম শাখা/ভূমি অধিগ্রহণ শাখাসহ উপজেলা ভূমি অফিস (সকল), কুড়িগ্রাম/ ইউনিয়ন ভূমি অফিস (সকল) কুড়িগ্রাম এ ভূমি সেবা প্রত্যাশীদের ভূমি বিষয়ক সেবা প্রদানে উদ্ভাবনী চর্চা করতে হবে। | (১-২)। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা। |

**১৮। বিবিধ:**

দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে উপজেলা হতে প্রেরিত মাসিক রিপোর্ট- রিটার্ন ও মাসিক রাজস্ব সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের নির্ধারিত সময়ের মধ্যে এ কার্যালয়ের রাজস্ব শাখায় পৌঁছানো নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয়। ভূমি সেবা প্রদানের ক্ষেত্রে পরিলক্ষিত ত্রুটি/সমস্যাদি দূরীকরণার্থে আরও স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধিসহ গুণগত ও মানোন্নয়নের লক্ষ্যে আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(১) ভূমি আপীল বোর্ড, ঢাকা'র ০১ জুন ২০১৭ খ্রিঃ তারিখের ৩১.৮২.০০০০.১১.০০৬.০০১.১২.২৩৮/১ নং স্মারকপত্রের নির্দেশনার আলোকে প্রত্যেক উপজেলা ভূমি অফিসে পুরাতন নথি ও রেকর্ডগুলো ক্রমিক অনুযায়ী ও বৎসর অনুযায়ী শ্রেণীভিত্তিক সুবিন্যস্ত করে রাখতে হবে। সুষ্ঠু নথি ব্যবস্থাপনা বাস্তবায়ন করা হলে অল্প সময়ে যে কোন নথি উর্ধ্বতন কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক প্রেরণ করা সম্ভব হবে। যে সব উপজেলা ভূমি অফিসে এভাবে নথি সুবিন্যস্ত করা হয়েছে সেখান থেকে অভিজ্ঞতা অর্জন করে এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য সহকারী কমিশনার(ভূমি)(সকল), কুড়িগ্রামকে পরামর্শ প্রদান করা হলো।

(২) ২০২০-২০২১ অর্থবছরের সংস্থার ভূমি উন্নয়ন কর আদায়ের লক্ষ্যে সকল সংস্থার স্থানীয়/জেলা/আঞ্চলিক প্রধানকে ইউনিয়ন ভূমি অফিসভিত্তিক সংস্থার তফসিল উল্লেখ করে দাবির বিপরীতে পরিশোধের অতীব জরুরিভিত্তিতে পত্র দিয়ে অনুলিপি অত্রাফিসে প্রেরণ করার জন্য সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে অনুরোধ করা হলেও অদ্যাবধি কোন উপজেলা হতে চাহিত তথ্য এ কার্যালয়ে না পাওয়ায় অসন্তোষ প্রকাশ করা হলো। বিষয়টি উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে নিশ্চিত করতে অনুরোধ করা হয়।

(৩) পরিত্যক্ত সম্পত্তির লীজমানি আদায়ে সর্বোচ্চ তৎপরতা প্রদর্শন এবং দৃশ্যমান অগ্রগতি করার জন্য সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম ও নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কুড়িগ্রামকে অনুরোধ করা হলো। পরিত্যক্ত সম্পত্তির দাবি ও আদায় জোরদার করতে তাগিদ দেয়ার জন্য সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রাম সদর, কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হলো।

(৪) পেন্ডিং এসএফ এর পরিসংখ্যান এ গড়মিল নিরসনের লক্ষ্যে আরএম শাখার সাথে সমন্বয়পূর্বক আগামী সভার পূর্বেই সঠিক তথ্য উপস্থাপনের জন্য সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হলো।

(৫) আদালতের রায় ডিক্রির পরিপ্রেক্ষিতে রেকর্ড সংশোধন, চূড়ান্ত প্রকাশিত জরিপের রেকর্ডের করণিক ভুল ও প্রতারণামূলক ভুল সংশোধন, পরিত্যক্ত সম্পত্তি সরকারের নামে নামজারি ও রেকর্ডকরণ এবং বিনিময় সম্পত্তি নিষ্পত্তি করতে হবে। এ বিষয়ে নিয়মিত মাসিক প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

(৬) সহকারী কমিশনার (ভূমি)(সকল),কুড়িগ্রাম এর সাথে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত সূচকসমূহসহ অন্যান্য বিষয়াদির লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হওয়ার জন্য পরামর্শ প্রদান করা হলো। উল্লেখ্য প্রতি ৩ (তিন) মাস অন্তর কোয়ার্টার ভিত্তিক এপিএ বাস্তবায়ন তথ্য ভূমি সংস্কার বোর্ডে প্রেরণের নির্দেশনা রয়েছে।

(৭) Land Development Tax Management System মডিউল ব্যবহার করে অনলাইনভিত্তিক ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়ার চালুর জন্য পাইলটিং (২য় ও ৩য় পর্যায়ের) মৌজাসমূহের তথ্য ভূমি সংস্কার বোর্ডের ০১ ডিসেম্বর ২০২০ তারিখের ৩১.০২.০০০০.০১৬.৩১.০১৩.২০.২২৫ নম্বর পত্রের নির্দেশনা মোতাবেক নির্ধারিত সময়সীমার মধ্যে সুষ্ঠুভাবে আপলোড সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদানের জন্য অনুরোধ করা হলো।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে ও ভূমি সেবা প্রদানে স্বচ্ছতা, সততা,আন্তরিকতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের দায়বদ্ধতা বৃদ্ধি করে জনকল্যাণমুখী কর্মকান্ডের মাধ্যমে ভূমি অফিসের ভাবমুর্তি উজ্জ্বলকরণে আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের জন্য পরামর্শ প্রদান এবং একইসাথে ইনোভেটিভ আইডিয়া নিয়ে ভূমি সেবাকে আরও গতিশীল করার সর্বাত্বক প্রচেষ্টা গ্রহণের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ রেজাউল করিম)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।
ফোন: ০৫৮১-৬১৬৪৫ (অ:)
ফ্যাক্স: ০৫৮১-৬২৩৭৪ (অ:)
ই-মেইল: dckurigram@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

নম্বর-৩১.৪৭.৪৯০০.০০৬.০৩.০০১.১৮. ১১৭৬ (১০)

তারিখ: ০৮ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
২৩ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে):

১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। উপ-ভূমি সংস্কার কমিশনার,রংপুর বিভাগ,রংপুর।
৫। জোনাল সেটেলমেন্ট অফিসার, রংপুর অঞ্চল,রংপুর।
৬। উপজেলা নির্বাহী অফিসার..........................................(সকল), কুড়িগ্রাম।
৭। আরডিসি/জিসিও/ভূমি অধিগ্রহণ কর্মকর্তা,জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
৮। জেলা রেজিস্ট্রার, কুড়িগ্রাম।
৯। সহকারী কমিশনার (ভূমি)..........................................(সকল), কুড়িগ্রাম।
১০। সহকারী কমিশনার ........................................................শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
১১। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
১২। প্রোগ্রামার,জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম ( কার্যবিবরণীটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
১৩। ........................................................................................ কুড়িগ্রাম।
১৪। সহকারী সেটেলমেন্ট অফিসার..........................................(সকল),কুড়িগ্রাম।
১৫। বিজ্ঞ সরকারি কৌসুলি,কুড়িগ্রাম।
১৬। বিজ্ঞ জিপি কৌসুলি, কুড়িগ্রাম।
১৭। হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব),ভূমি মন্ত্রণালয়,কুড়িগ্রাম।
১৮। উপ-সহকারী প্রকৌশলী,রাজস্ব শাখা,জেলা প্রশাসকের কার্যালয়,কুড়িগ্রাম।
১৯। জেলা প্রশাসক,কুড়িগ্রাম মহোদয়ের গোপনীয় সহকারী (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২০। গোপনীয় সহকারী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/ (রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম।
২১। সংস্থাপন সহকারী/জমা সহকারী/বন্দোবস্ত সহকারী/অডিট সহকারী/সায়রাত সহকারী/জিপি সহকারী, কুড়িগ্রাম কালেক্টরেট।
২২। অফিস কপি।

(মোছাঃ জিলুফা সুলতানা)
অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব)
কুড়িগ্রাম।
ফোন: ০৫৮১-৬১৫৯১(অঃ)
ই-মেইল: adcrkurigram@mopa.gov.bd